## বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | কাজী তোফায়েল হোসেন, প্রধান প্রকৌশলী, মনিটরিং ও আহবায়ক, এপিএ টীম, বাপাউবো। |
| সভার তারিখ | ঃ | ১৫ অক্টোবর, ২০২০ খ্রিঃ |
| সভার সময় | ঃ | সকাল - ০৯:৩০ ঘটিকা |
| স্থান | ঃ | প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তরকক্ষ, পানি ভবন (লেভেল-৫, ব্লক-এইচ), ৭২, গ্রীণ রোড, ঢাকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' |

গত ১৫ অক্টোবর, ২০২০ তারিখে সকাল ০৯:৩০ ঘটিকায় প্রধান প্রকৌশলী, মনিটরিং এর সভাপতিত্বে বাপাউবো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর অক্টোবর মাসের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক' তে দ্রষ্টব্য।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় বাপাউবো'র ২০২০-২১ অর্থ-বছরের এপিএ এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন বিষয়ে আলোচনা করা হয়। সাধারণতঃ অর্থ-বছরের নভেম্বর মাসে বর্ষা ও বন্যা পরবর্তী সময়ে নদ-নদীর পানি সমতল হ্রাস পাওয়ার পূর্বে মাঠ দপ্তরে পুরোদমে বাপাউবো'র কার্যক্রম আরম্ভ করা যায়না বিধায় ১ম কোয়ার্টারে কৌশলগত উদ্দেশ্যের বাস্তবায়ন অগ্রগতি আনুপাতিক হয় না। বাপাউবো'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা এপিএ স্বাক্ষরকারী বাপাউবো'র প্রত্যেকটি দপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকল্পওয়ারী এপিএভুক্ত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রাপ্ত অর্জন বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। তবে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন এবং নিয়মতান্ত্রিকভাবে তার প্রমাণক সংরক্ষণ বিষয়ে আলোচনাকালে বাপাউবো'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র প্রদান ও প্রযোজ্য ক্ষেত্রে সার্কুলার জারির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

০৩। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | বাপাউবো'র ২০২০-২১ অর্থ-বছরের এপিএ- এর ১ম কোয়ার্টারের মূল্যায়ন অদ্যই মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর |
| ২ | সূচক [২.৪.১] এর আওতায় প্রত্যেক কর্মচারীকে ৫০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে প্রত্যেক দপ্তর হতে মাসে ৩ (তিন) ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ আয়োজন বিষয়ে বোর্ডের অনুমোদনক্রমে ১টি সার্কুলার জারি করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর |
| ৩ | সূচক [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত, [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজিত ও [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজিত- এর লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে প্রতিটি সূচকের অনুকূলে প্রতি কোয়ার্টারে ১টি করে অর্থ-বছরে মোট ৪ (চার) টি করে সভা আয়োজনের জন্য এবং সভার বিজ্ঞপ্তি ও কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণের জন্য সচিব, বাপাউবো প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | সচিব, বাপাউবো |
| ৪ | সূচক [৩.৪.১] এর আওতায় দেশব্যাপী বাপাউবো'র মালিকানাধীন/অধিগ্রহণকৃত সকল জমির হালনাগাদ তালিকা আগামী ১৫/১২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর |
| ৫ | সূচক [৩.৪.১] এর আওতায় দেশব্যাপী বাপাউবো'র স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা আগামী ১৫/১২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর |
| ৬ | সূচক [১.৫.১] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ, [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকরণ, [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকরণ, [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়ন- এর অর্জনের স্বপক্ষে প্রত্যেক কোয়ার্টারের অগ্রগতির সাথে যথাযথভাবে প্রমাণক দাখিল করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর |

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫। কার্যবিবরণীটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

Siddik ১৮/১০/২০২০

**(মোঃ আবু বক্কর সিদ্দিক)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
প্রসেসিং পরিদপ্তর
ও
এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা

স্মারক নং-৪২.০১.০০০০.০১২.১০.০০১.২০- ২৭৬ তারিখ ঃ১৮/১০/২০২০ ইং

অনুলিপি (কার্যবিবরণী সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো) ঃ
১-২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন), বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৪-১২। সচিব, বাপাউবো, ঢাকা।
১৩। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
১৪-১৫। পরিচালক, ভূমি ও রাজস্ব/ সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপউবো, ঢাকা।
১৭। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
১৮। জনাব শহীদ শিকদার, প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
১৯। জনাব সৌরভ কুমার দাস, উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে)ঃ**
১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সভাপতি, পাসম এপিএ কমিটি, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয় এবং পাসম এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা।

Siddik ১৮/১০/২০২০

**(মোঃ আবু বক্কর সিদ্দিক)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
প্রসেসিং পরিদপ্তর
ও
এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টার অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিতির তালিকা

তারিখঃ ১৫/১০/২০২০ ইং

সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা

স্থানঃ প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর কক্ষ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মোঃ আবু বক্কর সিদ্দিক | তঃপ্রঃ (যাঃদাঃ) | 01818234606 | [signature] ১৫/১০/২০২০ |
| ২। | লিটন কুমার সরকার | নিঃপ্রঃ | 01716173849 | [signature] |
| ৩ | মুহাম্মদ শহিদ সিদ্দিকী | প্রোগ্রামার | 01818733558 | [signature] ১৫/১০/২০২০ |
| ৪। | সৌরভ কুমার দাস | উপ-বিভাগীয় প্রকৌশলী | 01861927220 | [signature] ১৫/১০/20 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**প্রসেসিং পরিদপ্তর**
পানি ভবন, (৭ম তলা), ৭২ গ্রীণ রোড, ঢাকা
ই-মেইলঃ dir.processing@bwdb.gov.bd
ওয়েব ঠিকানাঃ www.bwdb.gov.bd

**Processing Directorate**
Pani Bhaban,72 Green Road, Dhaka
E-mail: dir.processing.bwdb@gmail.com
**Website:** www.bwdb.gov.bd

স্মারক নং-২৭০/পিএস/এপিএ-৫৫/২০১৬ তারিখ ঃ ১৫/১০/২০২০ ইং

## সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও এপিএ টীমের মাসিক সভা আগামী ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখে সকাল ৯:৩০ ঘটিকায় প্রধান প্রকৌশলী, মনিটরিং এর সভাপতিত্বে তার দপ্তরকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো) ঃ

১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা ও সভাপতি, এপিএ টীম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
৩। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
৪। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। জনাব শহীদ সিকদার, প্রোগামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীমঢ়।
৬। জনাব সৌরভ কুমার দাস. উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।